

যশোর সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে ভাংচুর

যশোর অফিস ॥ গতকাল
বৃহস্পতিবার যশোর সরকারী মাইকেল
মধুসূদন বিশ্ববিদ্যালয় কলেজে ব্যাপক
ভাংচুর হয়। উক্ত কলেজে চলতি শিক্ষা
বর্ষে অনার্স শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে বিভিন্ন
ছাত্র সংগঠন তাহাদের অনুকূলে কোটা
বরাদ্দের দাবীতে কয়েক দিন যাবৎ
(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

যশোরে সরকারী

(শেষ পৃঃ পর)

আন্দোলন করিয়া আসিতেছে। কলেজ
কর্তৃপক্ষ এ দাবী অগ্রাহ্য করিয়া মেধা
তালিকার ভিত্তিতে ভর্তির সিদ্ধান্তে অটল
থাকেন। ইহাতে ক্ষিপ্ত হইয়া চারটি ছাত্র
সংগঠনের উচ্চাংখল কর্মীরা কলেজ ভবনে
অতর্কিতে চড়াও হইয়া ভাংচুর শুরু করে।
সংবাদ পাইয়া একজন ম্যাজিস্ট্রেটের
নেতৃত্বে একদল পুলিশ কলেজ ক্যাম্পাসে
পৌছে। কিন্তু তাহারা নীরব দর্শকের
ভূমিকা পালন করে। আড়াই ঘন্টা যাবৎ
এই ভাংচুরের তাড়বলীলা চলে। উচ্চাংখল
ছাত্ররা কলেজ অধ্যক্ষের অফিসকক্ষসহ
বিভিন্ন বিভাগে হামলা চালাইয়া
আসবাবপত্র, দরজা-জানালায় ব্যাপক
ক্ষতিসাধন করে। এই ভাংচুরের কারণে
কলেজে ভর্তির কাজকর্ম বন্ধ হইয়া যায়।